রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৮, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ/ ২৩ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ৪৩-আইন/২০১৭।**—জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) আইন, ২০১১ (২০১১ সনের ৭ নম্বর আইন) এর ধারা ১৫ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"অভিযুক্ত ব্যক্তি"** অর্থ এইরূপ কোনো ব্যক্তি যাহাকে জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশের মাধ্যমে কোনো অপরাধ বা অনিয়মে জড়িত মর্মে চিহ্নিত করা হইয়াছে;

(খ) **"উপযুক্ত কর্তৃপক্ষ"** অর্থে কোনো সংস্থার প্রধান বা উক্ত সংস্থার সহিত সংযুক্ত বা অধীনস্থ কোনো অধিদপ্তর, পরিদপ্তর বা দপ্তরের বিভাগীয়, আঞ্চলিক, জেলা, উপজেলা বা ইউনিয়ন কার্যালয়ের প্রধান বা প্রধান নির্বাহী এবং নিম্নবর্ণিত ব্যক্তি বা পদধারীগণও ইহার অন্তর্ভুক্ত হইবেন, যথা :—

(অ) সাংবিধানিক পদে অধিষ্ঠিত ব্যক্তিবর্গের ক্ষেত্রে, প্রেসিডেন্ট;

(আ) সংসদ সদস্যের ক্ষেত্রে, স্পিকার;


**মূল্য :** টাকা ২৪.০০

(ই) বিচার বিভাগের কোনো সদস্যের ক্ষেত্রে, সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল;

(ঈ) দুর্নীতির সহিত সংশ্লিষ্ট হইলে, দুর্নীতি দমন কমিশন;

(উ) সরকারি অর্থের সহিত সংশ্লিষ্ট হইলে, মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক;

(ঊ) অবৈধ বা অনৈতিক কার্যের ক্ষেত্রে সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা;

(গ) **"কর্মকর্তা"** অর্থে কোনো সংস্থায় নির্বাচিত, মনোনীত, চুক্তিভিত্তিক বা সার্বক্ষণিকভাবে নিযুক্ত আছেন বা ছিলেন এমন ব্যক্তি এবং কর্মচারীও অন্তর্ভুক্ত হইবেন;

(ঘ) **"জনস্বার্থ"** অর্থ সরকার বা সরকারের নির্দেশে জনগণ বা জনগণের কিয়দংশের স্বার্থে বা কল্যাণে গৃহীত কোনো কর্ম;

(ঙ) **"জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য" বা "তথ্য"** অর্থ কোনো সংস্থার এইরূপ কোনো তথ্য যাহাতে প্রকাশ পায় যে, কোনো কর্মকর্তা—

(অ) সরকারি অর্থের অনিয়মিত ও অননুমোদিত ব্যয়;

(আ) সরকারি সম্পদের অব্যবস্থাপনা;

(ই) সরকারি সম্পদ বা অর্থ আত্মসাৎ বা অপচয়;

(ঈ) ক্ষমতার অপব্যবহার বা প্রশাসনিক ব্যর্থতা (maladministration);

(উ) ফৌজদারি অপরাধ বা পরিবেশের জন্য ক্ষতিকর বা ঝুঁকিপূর্ণ কোন কার্যকলাপ; অথবা

(ঊ) দুর্নীতি–

এর সহিত জড়িত ছিলেন, রহিয়াছেন বা হইতে পারেন;

[ **ব্যাখ্যা:** এই দফায় "দুর্নীতি" বলিতে Penal Code, 1860 এর section 161 এ 'gratification' যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে বুঝাইবে।]

(চ) **"তথ্য প্রকাশকারী"** অর্থ যিনি উপযুক্ত কর্তৃপক্ষের নিকট জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ করেন;

(ছ) **"তদন্ত"** অর্থে ফৌজদারি কার্যবিধির section 4 এর sub-section (1) এর clause (k) ও (l) এ সংজ্ঞায়িত, ক্ষেত্রমত, inquiry বা investigation-কে বুঝাইবে;

(জ) **"দুর্নীতি দমন কমিশন আইন"** অর্থ দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪;

(ঝ) **"ধারা"** অর্থ জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) আইন, ২০১১ এর কোনো ধারা;

(ঞ) **“ফরম”** অর্থ এই বিধিমালার তফসিলে উল্লিখিত কোনো ফরম;

(ট) **“ফৌজদারি কার্যবিধি”** অর্থ Code of Criminal Procedure, 1898;

(ঠ) **“শৃঙ্খলা ও আপিল বিধিমালা”** অর্থ Government Servants (Discipline and Appeal) Rules, 1985;

(ড) **“সরকারি গোপনীয় আইন”** অর্থ Official Secrets Act, 1923; এবং

(ঢ) **“সংস্থা”** অর্থ—

(অ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান অনুযায়ী সৃষ্ট কোনো সংস্থা;

(আ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৫(৬) অনুচ্ছেদের অধীন প্রণীত কার্যবিধিমালার (Rules of Business) অধীন গঠিত সরকারের কোনো মন্ত্রণালয়, বিভাগ বা কার্যালয়;

(ই) কোনো আইন বা অধ্যাদেশ দ্বারা বা উহার অধীন গঠিত কোনো সংবিধিবদ্ধ সংস্থা বা প্রতিষ্ঠান;

(ঈ) সরকারি অর্থায়নে পরিচালিত বা সরকারি তহবিল হইতে সাহায্যপুষ্ট কোনো বেসরকারি সংস্থা বা প্রতিষ্ঠান;

(উ) বিদেশি সাহায্যপুষ্ট কোনো বেসরকারি সংস্থা বা প্রতিষ্ঠান;

(ঊ) বেসরকারি সংস্থা বা প্রতিষ্ঠান;

(ঋ) সরকারের পক্ষে অথবা সরকার বা সরকারি কোনো সংস্থা বা প্রতিষ্ঠানের সহিত সম্পাদিত চুক্তি মোতাবেক সরকারি কার্যক্রম পরিচালনার দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি, বেসরকারি সংস্থা বা প্রতিষ্ঠান; এবং

(এ) সরকার কর্তৃক, সময় সময়, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত অন্য কোনো সংস্থা বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **তথ্য প্রকাশকারীর সুরক্ষা।**—(১) ফরম-১ এ বর্ণিত বিষয়সমূহ উল্লেখপূর্বক যে কোনো ব্যক্তি উপযুক্ত কর্তৃপক্ষের নিকট জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ করিতে পারিবেন।

(২) কোনো ব্যক্তি ধারা ৪ এর অধীন জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ করিলে উপযুক্ত কর্তৃপক্ষ তথ্য প্রকাশকারীর পরিচয় গোপন রাখাসহ তাহাকে প্রয়োজনীয় সকল সুরক্ষা প্রদান করিবে।

(৩) জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশের কারণে তথ্য প্রকাশকারী যাহাতে কোনো প্রকার হয়রানির শিকার না হন উপযুক্ত কর্তৃপক্ষ তাহা নিশ্চিত করিবে।

৪। **ডেজিগনেটেড অফিসার।**—এই বিধিমালার অধীন কার্যক্রম পরিচালনার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ তৎসংশ্লিষ্ট কার্যালয়ের একজন কর্মকর্তাকে "ডেজিগনেটেড অফিসার" হিসাবে দায়িত্ব প্রদান করিবে এবং তাহাকে তথ্য নিরাপত্তা ও গোপনীয়তা রক্ষা বিষয়ক প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করিবে।

৫। **জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশের ক্ষেত্রে করণীয়।**—(১) উপযুক্ত কর্তৃপক্ষ, ডেজিগনেটেড অফিসারের তত্ত্বাবধানে, তৎসংশ্লিষ্ট কার্যালয়ের জন্য ফরম-২ মোতাবেক একটি রেজিস্টার গোপনীয়ভাবে সংরক্ষণ করিবে, যাহাতে ডেজিগনেটেড অফিসার তথ্য প্রকাশকারীর ব্যক্তিগত তথ্যসহ আনুষঙ্গিক তথ্য লিপিবদ্ধ রাখিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন সংরক্ষিত রেজিস্টার বা উহাতে লিপিবদ্ধ তথ্য প্রকাশকারীর পরিচয় সংশ্লিষ্ট কোনো তথ্য যাহাতে প্রকাশিত না হয় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তদ্বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করিবেন এবং কখনও উক্ত তথ্যের গোপনীয়তা ক্ষুণ্ন হইলে তজ্জন্য তিনি ব্যক্তিগতভাবে দায়ী হইবেন।

(৩) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-বিধি (১) এ উল্লিখিত রেজিস্টারে নিম্নবর্ণিত বিষয়সমূহ লিপিবদ্ধ করিবেন, যথা :—

(ক) প্রকাশিত তথ্য তদন্তের জন্য প্রেরণের সিদ্ধান্ত হইলে কোন্ প্রতিষ্ঠানে প্রেরিত হইয়াছে তাহার বিবরণ;

(খ) প্রকাশিত তথ্য তদন্তের জন্য গৃহীত না হইয়া থাকিলে উহার কারণ;

(গ) আনীত অভিযোগ তদন্তে মিথ্যা প্রমাণিত হইলে করণীয় সম্পর্কে সুপারিশ;

(ঘ) তথ্য প্রকাশকারীকে তদন্তের ফলাফল অবগত করা হইয়াছে কিনা;

(ঙ) ভিন্ন কোনো কর্তৃপক্ষের নিকট তদন্তের জন্য প্রেরিত হইলে তাহা তথ্য প্রকাশকারীকে অবগত করা হইয়াছে কিনা;

(চ) তথ্য প্রকাশকারীর পরিচয় গোপন রাখিবার লক্ষ্যে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে;

(ছ) ভিন্ন কোনো প্রতিষ্ঠান একইসঙ্গে একই ধরনের অভিযোগপ্রাপ্ত হইলে উক্ত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা।

(৪) ডেজিগনেটেড অফিসার ফরম-৩ মোতাবেক একটি অভিযোগ রেজিস্টার রক্ষণাবেক্ষণ করিবেন, যাহাতে তিনি তথ্য প্রকাশকারী ও অভিযুক্ত ব্যক্তির তথ্য লিপিবদ্ধকরত উহা গোপনীয়ভাবে সংরক্ষণ করিবেন।

(৫) জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রাপ্তির পর উপযুক্ত কর্তৃপক্ষ বা তৎকর্তৃক মনোনীত কোনো কর্মকর্তা ফরম-৪ অনুযায়ী উক্ত তথ্য প্রাথমিকভাবে যাচাই-বাছাইপূর্বক সংশ্লিষ্ট অভিযোগের বিষয়টি মূল্যায়ন করিবেন।

(৬) উপ-বিধি (৫) এর অধীন তথ্য যাচাই-বাছাইকালে উপযুক্ত কর্তৃপক্ষ বা তৎকর্তৃক মনোনীত কর্মকর্তা জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্যের সমর্থনে দাখিলকৃত তথ্য-উপাত্ত ও দলিলাদি ফরম-৫ অনুযায়ী বিবেচনা করিবেন এবং কোন্ কোন্ তথ্যের উপর ভিত্তি করিয়া প্রাথমিক তদন্ত পরিচালনা করা প্রয়োজন তাহার একটি তালিকা তৈরি করিবেন এবং যে সকল তথ্য তুচ্ছ, বিরক্তিকর বা যথার্থতা পাওয়া যাইবে না মর্মে প্রতীয়মান হইবে তাহারও একটি তালিকা প্রস্তুত করিবেন।

(৭) উপ-বিধি (৫) এর অধীন তথ্য যাচাই-বাছাইকালে যদি দেখা যায় যে, বিষয়টি প্রাথমিকভাবে তদন্ত করা প্রয়োজন, তাহা হইলে, উপযুক্ত কর্তৃপক্ষ বা তৎকর্তৃক মনোনীত কোনো কর্মকর্তা, বিষয়টির উপর প্রাথমিক তদন্ত পরিচালনা করিয়া ফরম-৬ অনুযায়ী একটি মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করিবেন।

(৮) উপ-বিধি (৭) এ উল্লিখিত মূল্যায়ন প্রতিবেদনে প্রকাশিত তথ্যের সত্যতা পাওয়া গেলে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে বিভাগীয়, ফৌজদারি বা দুর্নীতি দমন কমিশনের বিবেচনাযোগ্য মামলা হইতে পারে কিনা উপযুক্ত কর্তৃপক্ষ তদ্বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৯) উপ-বিধি (৮) এর অধীন গৃহীত সিদ্ধান্তে যদি দেখা যায় যে,—

(ক) অভিযুক্ত ব্যক্তি সরকারি কর্মকর্তা এবং বিষয়টি বিভাগীয় মামলার মাধ্যমে নিস্পত্তিযোগ্য, তাহা হইলে উপযুক্ত কর্তৃপক্ষ উক্ত ব্যক্তির বিরুদ্ধে প্রয়োজনীয় বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করিবে;

(খ) অভিযোগটি ফৌজদারি বিষয়ক এবং মামলাযোগ্য, তাহা হইলে উপযুক্ত কর্তৃপক্ষ প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য আনুষঙ্গিক তথ্য-উপাত্তসহ বিষয়টি, ফরম-৭ অনুযায়ী, সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবে; এবং

(গ) বিষয়টি দুর্নীতির সহিত সংশ্লিষ্ট, তাহা হইলে উপযুক্ত কর্তৃপক্ষ প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য আনুষঙ্গিক তথ্য-উপাত্তসহ বিষয়টি ফরম-৮ অনুযায়ী দুর্নীতি দমন কমিশনে প্রেরণ করিবে।

(১০) এজাহার দায়েরের পর এজাহারে বর্ণিত অপরাধের বিষয় দুর্নীতি দমন কমিশন আইনের তফসিলভুক্ত হইলে দুর্নীতি দমন কমিশন এবং, অন্যান্য ক্ষেত্রে, আমলযোগ্য ও ধর্তব্য অপরাধসমূহ সংশ্লিষ্ট থানা তদন্ত করিবে।

(১১) মামলা তদন্তের ক্ষেত্রে দুর্নীতি দমন কমিশন ও পুলিশ কর্তৃপক্ষ তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য আইন ও বিধি মোতাবেক তদন্তকার্য সম্পন্ন করিবে এবং তদন্ত সমাপ্তির পর ফৌজদারি কার্যবিধির আওতায় প্রতিবেদন দাখিলের পাশাপাশি, যথাক্রমে, ফরম-৯ ও ফরম-১০ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষকে উহার অগ্রগতি সম্পর্কে অবহিত করিবে :

তবে শর্ত থাকে যে, তথ্য প্রকাশকারী ইচ্ছা প্রকাশ করিলে গৃহীত কার্যক্রমের সকল তথ্য তাহাকে, ফরম-১১ অনুযায়ী, অবহিত করিতে হইবে।

৬। **প্রাথমিক তদন্ত কার্যক্রম।**—(১) বিধি ৫ এর উপ-বিধি (৭) এর অধীন প্রাথমিক তদন্ত পরিচালনাকালে উপযুক্ত কর্তৃপক্ষ বা তৎকর্তৃক মনোনীত কর্মকর্তা যথাযথ মনে করিলে অভিযুক্ত ব্যক্তিকে, নির্ধারিত তারিখ, সময় ও উপস্থিতির স্থান উল্লেখ করিয়া কমপক্ষে ৭ (সাত) দিনের সময় প্রদানপূর্বক, হাজির হইবার জন্য নোটিশ প্রদান করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন নোটিশ প্রাপ্তির পর অভিযুক্ত ব্যক্তি নোটিশে উল্লিখিত তারিখ ও সময়ে হাজির হইবেন অথবা সময় চাহিয়া কর্তৃপক্ষের বরাবরে আবেদন করিতে পারিবেন; তবে আবেদিত সময়ের মেয়াদ কোনোক্রমেই ৩০ (ত্রিশ) দিনের অধিক হইবে না :

তবে শর্ত থাকে যে, অভিযুক্ত ব্যক্তি বিদেশে অবস্থান করিলে এবং তিনি বিদেশ হইতে যোগাযোগের আগ্রহ প্রকাশ করিলে, তাহাকে যোগাযোগের জন্য যুক্তিসঙ্গত সময় ও সুযোগ প্রদান করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, অভিযুক্ত ব্যক্তি কর্তৃপক্ষের সহিত ই-মেইল, ফ্যাক্স, স্কাইপ অথবা অন্য যে কোনো ইলেকট্রনিক যোগাযোগ মাধ্যমে তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ খণ্ডন করিতে পারিবেন অথবা, প্রয়োজনে, ইলেকট্রনিক সিগনেচারসহ তাহার জবাব ই-মেইলে প্রেরণ করিতে পারিবেন।

(৪) জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশের ক্ষেত্রে কোনো বিষয় তদন্তকালে উপযুক্ত কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, কোনো তদন্তকারী সংস্থা তথ্য প্রকাশকারীর গোপনীয়তা ও নিরাপত্তা রক্ষা করিয়া, প্রয়োজনে, তাহার নিকট হইতে প্রাসঙ্গিক তথ্য ও উপাত্ত সংগ্রহ করিতে পারিবে।

৭। **বিভাগীয় ব্যবস্থা।**—(১) কোনো সরকারি কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত ও দণ্ড প্রদানসহ আনুষঙ্গিক সকল বিষয়ে শৃঙ্খলা ও আপিল বিধিমালাসহ সরকারি কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য অন্যান্য বিধি-বিধান অনুসৃত হইবে।

৮। **পুলিশ কর্তৃক গৃহীত ব্যবস্থা।**—(১) ধারা ৪ এর অধীন প্রকাশিত জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্যের প্রেক্ষিতে উপযুক্ত কর্তৃপক্ষ সংশ্লিষ্ট অভিযোগ সত্য ও সঠিক মর্মে বিবেচনা করিলে এবং উহা পুলিশ কর্তৃক ধর্তব্য অপরাধ হইবে মর্মে গণ্য করিলে, বিধি ৫ এর বিধান সাপেক্ষে, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উহা সংশ্লিষ্ট থানায় প্রেরণ করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত কোনো অভিযোগের প্রেক্ষিতে ফৌজদারি কার্যবিধি অনুসারে আদালতে, ক্ষেত্রমত, ফার্স্ট ইনফরমেশন রিপোর্ট (এফআইআর), চার্জশিট বা ফাইনাল রিপোর্ট দাখিল করা হইলে, ভারপ্রাপ্ত কর্মকর্তা বিষয়টি সংশ্লিষ্ট অভিযোগ প্রেরণকারী উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করিবেন এবং, ক্ষেত্রমত, মামলা চলাকালীন মামলার অগ্রগতি সম্পর্কে, উক্ত কর্তৃপক্ষকে অবহিত রাখিবেন।

(৩) এই বিধিতে উল্লিখিত কোনো মামলার চূড়ান্ত রায় প্রাপ্তির পর ভারপ্রাপ্ত কর্মকর্তা উহা উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করিবেন এবং, মামলার ফলাফল প্রত্যাশিত বিবেচিত না হইলে, উক্ত কর্তৃপক্ষের অনুরোধের প্রেক্ষিতে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। **দুর্নীতি দমন কমিশন কর্তৃক গৃহীত ব্যবস্থা**।—(১) ধারা ৪ এর অধীন প্রকাশিত জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্যের প্রেক্ষিতে উপযুক্ত কর্তৃপক্ষ সংশ্লিষ্ট অভিযোগ সত্য ও সঠিক মর্মে বিবেচনা করিলে এবং উহা দুর্নীতি দমন কমিশন আইন অনুযায়ী ধর্তব্য অপরাধ হইবে মর্মে গণ্য করিলে, বিধি ৫ এর বিধান সাপেক্ষে, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উহা দুর্নীতি দমন কমিশনে প্রেরণ করিবে।

(২) দুর্নীতি দমন কমিশন, উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত কোনো অভিযোগের প্রেক্ষিতে, দুর্নীতি দমন কমিশন আইন অনুসারে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন দুর্নীতি দমন কমিশন কর্তৃক কোনো ব্যবস্থা গ্রহণ করা হইলে, উক্ত কমিশন সংশ্লিষ্ট কার্যক্রম সম্পর্কে এবং, ক্ষেত্রমত, মামলা চলাকালীন মামলার অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্ট অভিযোগ প্রেরণকারী উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত রাখিবে।

(৪) এই বিধিতে উল্লিখিত কোনো মামলার চূড়ান্ত রায় প্রাপ্তির পর দুর্নীতি দমন কমিশন উহা উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করিবে এবং, মামলার ফলাফল প্রত্যাশিত বিবেচিত না হইলে, প্রয়োজনে, উক্ত কর্তৃপক্ষের সহিত আলোচনা সাপেক্ষে, প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবে।

(৫) এই বিধিতে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৪ এর অধীন প্রাপ্ত জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্যের প্রেক্ষিতে উপযুক্ত কর্তৃপক্ষ সংশ্লিষ্ট অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উহা সরাসরি দুর্নীতি দমন কমিশন ছাড়াও উক্ত কমিশনের জেলা কার্যালয় বা বিভাগীয় কার্যালয়েও প্রেরণ করিতে পারিবে।

১০। **জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য ও তথ্য প্রকাশকারীর গোপনীয়তা সংরক্ষণ**।—(১) জনস্বার্থ-সংশ্লিষ্ট প্রকাশিত কোনো তথ্য ব্যবহারের ক্ষেত্রে উহার যথাযথ গোপনীয়তা রক্ষা করিতে হইবে, যেন তথ্য প্রকাশকারীর পরিচয় কোনোভাবে প্রকাশিত না হয়।

(২) তথ্য প্রকাশকারীর পরিচয়কে গোপনীয় তথ্য গণ্যে সরকারি গোপনীয় আইনের আলোকে যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে।

১১। **গৃহীত ব্যবস্থার ফলাফল অবহিতকরণ**।—কোনো তথ্য প্রকাশকারী কর্তৃক উপযুক্ত কর্তৃপক্ষের নিকট যথাযথভাবে জনস্বার্থ-সংশ্লিষ্ট কোনো তথ্য প্রকাশ করা হইলে, তথ্য প্রকাশকারী অনুরোধ করিলে, সংশ্লিষ্ট তথ্যের ভিত্তিতে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে তাহা তাহাকে, তাহার গোপনীয়তা অক্ষুণ্ন রাখিয়া, অবহিত করিতে হইবে।

১২। **বিভিন্ন আইনের প্রয়োগ**।—এই বিধিমালায় ভিন্নরূপ কিছু না থাকিলে, ধারা ৪ এর অধীন প্রকাশিত জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্যের সূত্রে—

(ক) কোনো অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, বিচার ও নিষ্পত্তির ক্ষেত্রে ফৌজদারি কার্যবিধি;

(খ) দুর্নীতি সংক্রান্ত কোনো অভিযোগের ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণে দুর্নীতি দমন কমিশন আইনসহ সংশ্লিষ্ট অন্যান্য আইন;

(গ) প্রশাসনিক অসদাচরণ সংক্রান্ত কোনো অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে শৃঙ্খলা ও আপিল বিধিমালা; এবং

(ঘ) তথ্য প্রকাশকারীর গোপনীয়তা রক্ষার ক্ষেত্রে সরকারি গোপনীয় আইন—

এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

১৩। **অর্থদণ্ডকে ক্ষতিপূরণ হিসাবে রূপান্তর**।—উপযুক্ত আদালত, ধারা ১০ এর অধীন, তৎকর্তৃক আরোপিত অর্থদণ্ডকে, তথ্য প্রকাশকারীর দ্বারা ভিত্তিহীন বা মিথ্যা তথ্য প্রকাশের কারণে, ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য ক্ষতিপূরণ হিসাবে গণ্য করিয়া আদেশ প্রদান করিলে, উপযুক্ত কর্তৃপক্ষ, আদালত কর্তৃক নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত অর্থ আদায়ের জন্য, ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবে।

১৪। **পুরস্কার বা সম্মাননা প্রদান, ইত্যাদি**।—(১) কোনো তথ্য প্রকাশকারীর তথ্যের ভিত্তিতে আনীত কোনো অভিযোগ বা অপরাধ আদালত কর্তৃক প্রমাণিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষ সংশ্লিষ্ট তথ্য প্রকাশকারীকে যথাযথ পুরস্কার বা সম্মাননা প্রদান করিতে পারিবে এবং সংশ্লিষ্ট তথ্য ফরম-১২ অনুসারে লিপিবদ্ধ রাখিবে।

(২) জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশের মাধ্যমে সরকারি সম্পদ উদ্ধার বা অপচয় রোধ করা সম্ভব হইলে, উপযুক্ত কর্তৃপক্ষ উক্ত সম্পদের প্রকৃতি, ধরন ও বর্ণনাসহ আনুষঙ্গিক তথ্যাদির সমন্বয়ে তালিকা প্রণয়ন ও সংরক্ষণ করিবে।

১৫। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**।—(১) এই বিধিমালা কার্যকর হইবার পর সরকার, প্রয়োজনবোধে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিতে পারিবে।

(২) এই বিধিমালার বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**তফসিল**

**ফরম-১**
**[বিধি ৩ (১) দ্রষ্টব্য ]**

**জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ ফরম**

আমি নিম্নস্বাক্ষরকারী 'জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) আইন, ২০১১' এবং তদধীন প্রণীত বিধিমালার অধীন আমার অধিকার, দায়িত্ব এবং সুরক্ষা প্রাপ্তির বিষয়ে সম্পূর্ণরূপে অবগত হইয়া জনস্বার্থে নিম্নরূপ তথ্য প্রকাশ করিলাম:

১। বিবেচ্য তথ্যের সহিত সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষের নাম:

২। অভিযুক্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের নাম ও, ক্ষেত্রমত, পদবি (চাকরিজীবীর ক্ষেত্রে):

৩। অভিযোগসমূহ:

৪। সংঘটনের তারিখ:

৫। অভিযোগের সংক্ষিপ্ত বর্ণনা:

৬। সংযুক্ত দলিলাদির বর্ণনা:

৭। সাক্ষীর নাম ও ঠিকানা (যদি থাকে):

৮। তথ্যটি ইতঃপূর্বে অন্য কোথাও প্রকাশ করা হইয়াছে কিনা (হইয়া থাকিলে তাহার বর্ণনা):

৯। তথ্য প্রকাশকারীর ঘোষণা:

(ক) আমি উপর্যুক্ত বর্ণনা সত্য ও সঠিক মর্মে প্রত্যয়ন করিতেছি।

(খ) উল্লিখিত তথ্য যদি বিভ্রান্তিমূলক, মিথ্যা বা কোনো প্রকার অসৎ উদ্দেশ্যে করা হইয়া থাকে, তাহা হইলে উক্ত আইনের অধীনে আমার কোনো প্রকার সুরক্ষা পাইবার অধিকার থাকিবে না।

(গ) আমি তদন্তের প্রয়োজনে, আমার জীবন ও শারীরিক নিরাপত্তা বিঘ্নিত হইবার আশঙ্কা না থাকিলে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদান করিব।

(ঘ) আমি উল্লিখিত তথ্য পরবর্তী সময়ে অন্য কোনো ব্যক্তি বা কর্তৃপক্ষের নিকট প্রকাশ করিব না।

নাম, স্বাক্ষর ও তারিখ:
পিতার নাম:
মাতার নাম:
বয়স:
পদবি (প্রযোজ্য ক্ষেত্রে):
ঠিকানা:
জাতীয় পরিচয়পত্র নম্বর:
ফোন নম্বর:
ই-মেইল:

<u>(অফিস কর্তৃক ব্যবহারের জন্য)</u>
প্রকাশিত তথ্যের নম্বর:
তথ্য সংগ্রহকারী কর্মকর্তার নাম:
তথ্য প্রাপ্তির সময় ও তারিখ:

**ফরম-২**

**[বিধি ৫(১) দ্রষ্টব্য ]**

**তথ্য প্রকাশকারীর ব্যক্তিগত ও আনুষঙ্গিক তথ্যের রেজিস্টার**

প্রকাশিত তথ্যের নম্বরঃ রেজিস্টার নম্বরঃ

১। তথ্যে প্রকাশকারীর ব্যক্তিগত তথ্য:

নাম- বয়স-
পিতার নাম- মাতার নাম-
ঠিকানা- জাতীয় পরিচয়পত্র নম্বর-
ফোন- ই-মেইল-

২। পদবি ও অফিসের ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে)-

৩। প্রকাশিত তথ্য সংশ্লিষ্ট সংস্থার সহিত তথ্য প্রকাশকারীর সম্পর্ক (যদি থাকে)-

৪। প্রকাশিত তথ্য সংশ্লিষ্ট সংস্থার নাম ও ঠিকানা-

৫। তথ্য প্রকাশের ধরন ও প্রকৃতিঃ

ক) দুর্নীতি সংক্রান্ত-
খ) ফৌজদারি অপরাধ সংক্রান্ত-
গ) অন্যান্য-

৬। তথ্য যে কর্তৃপক্ষের নিকট প্রকাশ করা হইয়াছেঃ

ক) যিনি তথ্য গ্রহণ করিয়াছেন তাহার নাম, পদবি ও ঠিকানাঃ
খ) যিনি তথ্য যাচাই-বাছাই করিয়াছেন তাহার নাম, পদবি ও ঠিকানাঃ

৭। যাচাই-বাছাইয়ের পর কর্তৃপক্ষের সিদ্ধান্তঃ

ক) দুর্নীতি সংক্রান্ত-
খ) ফৌজদারি অপরাধ সংক্রান্ত-
গ) বিভাগীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত-

৮। তদন্তের জন্য গৃহীত না হইলে উহার কারণঃ

৯। তদন্তের প্রেরণের সিদ্ধান্ত হইলে কোন্ প্রতিষ্ঠানে প্রেরণ করা হইবে বা হইয়াছে তাহার বিবরণঃ

১০। আনীত অভিযোগ তদন্তে মিথ্যা প্রমাণিত হইলে কোনো ব্যবস্থা গ্রহণ করা হইবে বা হইয়াছে কিনাঃ

১১। তথ্য প্রকাশকারীকে গ্রহীত ব্যবস্থা সম্পর্কে অবগত করা হইবে বা হইয়াছে কিনাঃ

১২। তথ্যটি অন্য কোনো কর্তৃপক্ষের নিকট প্রেরিত হইবে বা হইয়াছে কিনাঃ

১৩। তথ্য প্রকাশকারীর পরিচয় গোপন রাখিবার লক্ষ্যে কি কি ব্যবস্থা গৃহীত হইবে বা হইয়াছেঃ

১৪। অন্য কোনো কর্তৃপক্ষের নিকট একইসঙ্গে একই ধরনের তথ্য প্রকাশ করা হইলে উক্ত কর্তৃপক্ষের নাম ও ঠিকানাঃ

১৫। বিশেষ কোনো মন্তব্যঃ

অফিস প্রধান
বা
তৎকর্তৃক মনোনীত কর্মকর্তার
স্বাক্ষর ও সিল

**ফরম-৩**

**[বিধি ৫(৪) দ্রষ্টব্য ]**

**জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশের ভিত্তিতে প্রাপ্ত অভিযোগ রেজিস্টার**

| ক্রমিক নম্বর | অভিযুক্ত ব্যক্তির নাম, পদবি ও ঠিকানা | অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | তথ্য প্রকাশকারীর নাম, পদবি ও ঠিকানা | তথ্য প্রাপ্তির তারিখ | তথ্য প্রাপ্তির পর গৃহীত ব্যবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | | | | | | |
| ২। | | | | | | |
| ৩। | | | | | | |
| ৪। | | | | | | |
| ৫। | | | | | | |
| ৬। | | | | | | |

অফিস প্রধান
বা
তৎকর্তৃক মনোনীত কর্মকর্তার
স্বাক্ষর ও সিল

**ফরম-৪**

**[বিধি ৫(৫) দ্রষ্টব্য ]**

**প্রকাশিত জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্যের প্রাথমিক মূল্যায়ন প্রতিবেদন**

| ক্রমিক নম্বর | বর্ণনা | হ্যাঁ/না | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | বিবেচ্য তথ্য সরকারি প্রতিষ্ঠান বা সরকারি কর্মকর্তা কিংবা কোনো কোম্পানি বা বেসরকারি ব্যক্তি সংশ্লিষ্ট কিনা | | |
| ২। | বিবেচ্য তথ্য তদন্তযোগ্য কিনা | | |
| ৩। | বিবেচ্য তথ্য তদন্তযোগ্য হইলে কোন্ সংস্থা উহার উপযুক্ত | | |
| ৪। | কর্তৃপক্ষের সরাসরি তদন্ত করিবার ক্ষমতা আছে কিনা | | |
| ৫। | উর্ধ্বতন কোন কর্তৃপক্ষের অনুমতি গ্রহণের প্রয়োজন আছে কিনা বা উর্ধ্বতন কোনো কর্তৃপক্ষকে অবহিত করিবার প্রয়োজন আছে কিনা | | |
| ৬। | বিবেচ্য তথ্য প্রকাশ দূরভিসন্ধিমূলক কিনা | | |
| ৭। | বিবেচ্য তথ্য প্রকাশ মিথ্যা, বিরক্তিকর ও অস্বচ্ছ কিনা | | |
| ৮। | বিবেচ্য তথ্যের সহিত সংযুক্ত দলিলাদি যথাযথ কিনা | | |
| ৯। | বিবেচ্য তথ্য অন্য কোনো কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত করানো প্রয়োজন কিনা | | |

আমি বিবেচ্য জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্যটি তদন্তযোগ্য/তদন্তযোগ্য নয় মর্মে প্রত্যয়ন করিতেছি।

তারিখ:..............................................

অফিস প্রধান
বা
তৎকর্তৃক মনোনীত কর্মকর্তার
স্বাক্ষর ও সিল

**ফরম-৫**

[ বিধি ৫(৬) দ্রষ্টব্য ]

**প্রাথমিক যাচাই-বাছাই সমাপনান্তে দাখিলকৃত প্রতিবেদন**

স্মারক নম্বর: তারিখ:

**প্রেরক:**

নাম-

পদবি-

দপ্তর-

**প্রাপক:**

নাম-

পদবি-

দপ্তর-

**বিষয়:**

**সূত্র:**

উপর্যুক্ত বিষয়ে প্রাথমিকভাবে যাচাই-বাছাই করিবার জন্য বিগত...................... তারিখে আমার নিকট বিবেচ্য তথ্য অর্পণের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রতিবেদন দাখিল করা হইল:

(১) অভিযুক্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের নাম, ঠিকানা, পদবি (প্রযোজ্য ক্ষেত্রে):

(২) অভিযুক্ত ব্যক্তি সরকারি কর্মকর্তা হইলে তাহার বর্তমান বেতনক্রম (প্রযোজ্য ক্ষেত্রে):

(৩) অভিযোগের বিবরণ (অভিযোগের ক্রমানুসারে সুস্পষ্টভাবে):

(ক)

(খ)

(গ)

(৪) অভিযোগ প্রমাণের জন্য সহায়ক ও গুরুত্বপূর্ণ যেসকল দালিলাদি যাচাই-বাছাই করা হইয়াছে:

(ক)

(খ)

(গ)

(৫) অভিযোগ প্রমাণের জন্য সংশ্লিষ্ট স্থাবর-অস্থাবর সম্পদের বিবরণ:

(ক) জমি (কৃষি বা অকৃষি):

(খ) গৃহসম্পদ:

(গ) শিল্পস্থাপনা:

(ঘ) অন্যান্য সম্পদ:

(৬) বিশারদের মতামত (যদি থাকে):

(৭) অন্যান্য তথ্য পর্যালোচনা:

(৮) অভিযোগের বিষয় বা অভিযোগ প্রমাণে সহায়ক ব্যক্তি বা ব্যক্তিবর্গের বক্তব্য পর্যালোচনাপূর্বক মন্তব্য:

(৯) সমাপনী মন্তব্যসহ চূড়ান্ত প্রস্তাব:

নাম ও স্বাক্ষর:

পদবি:

দপ্তর:

(নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণ করিতে অপারগ হইলে যুক্তিসঙ্গত কারণ ব্যাখ্যা করিতে হইবে।)

**ফরম-৬**

**[ বিধি ৫(৭) দ্রষ্টব্য ]**

**প্রাথমিক তদন্তের মূল্যায়ন প্রতিবেদন**

| ক্রমিক নম্বর | তথ্য প্রকাশের বর্ণনা | হ্যাঁ/না | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | সরকারি সম্পত্তি ও সরকারি কর্মকর্তা সংশ্লিষ্ট তথ্য প্রকাশ কিনা | | |
| ২। | সরকারি কার্যক্রম বাস্তবায়নের সহিত সম্পর্কিত কিনা | | |
| ৩। | উপযুক্ত কর্তৃপক্ষ চিহ্নিত করিয়া তথ্য প্রকাশ করা হইয়াছে কিনা | | |
| ৪। | তথ্যটি বিশ্বাসযোগ্যভাবে সত্য ও সঠিক কিনা | | |
| ৫। | ‘জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) আইন, ২০১১’ এবং তদধীন প্রণীত বিধিমালার বিধান জানিয়া বুঝিয়া তথ্য প্রকাশ করা হইয়াছে কিনা | | |

আমি প্রাপ্ত তথ্য যথাযথভাবে মূল্যায়ন করিয়াছি, রেজিস্টারে লিপিবদ্ধ করিয়াছি এবং যথাযথ গোপনীয়তা রক্ষার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করিয়াছি।

তারিখ:

অফিস প্রধান
বা
তৎকর্তৃক মনোনীত কর্মকর্তার
স্বাক্ষর ও সিল

**ফরম-৭**

**[ বিধি ৫(৯)(খ) দ্রষ্টব্য ]**

**.....................................কার্যালয়**

**...............................................**

স্মারক নম্বর: তারিখঃ

**বিষয়:** প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ।

এই কার্যালয় কর্তৃক প্রাপ্ত জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্যের প্রেক্ষিতে বিবেচ্য বিষয় প্রাথমিকভাবে যাচাই-বাছাই ও তদন্ত করা হইয়াছে। এক্ষণে, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন ও প্রাসঙ্গিক দলিলাদি পর্যালোচনা করিয়া, 'জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৬' এর বিধি ৫(৯)(খ) তে প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নোক্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি প্রেরণ করা হইল:

| ক্রমিক নম্বর | নাম, পদবি (যদি থাকে) ও ঠিকানা | অপরাধের বিবরণ | অপরাধের ধারা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |

তারিখঃ.....................................

(স্বাক্ষর)
সিলমোহরসহ নাম, পদবি, দপ্তর

ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা
থানা.....................
জেলা....................

**ফরম-৮**

**[ বিধি ৫(৯)(গ) দ্রষ্টব্য ]**

**.....................................কার্যালয়**

**...............................................**

স্মারক নম্বর: তারিখ:

**বিষয়:** প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ।

এই কার্যালয় কর্তৃক প্রাপ্ত জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্যের প্রেক্ষিতে বিবেচ্য বিষয় প্রাথমিকভাবে যাচাই-বাছাই ও তদন্ত করা হইয়াছে। এক্ষণে, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন ও প্রাসঙ্গিক দলিলাদি পর্যালোচনা করিয়া, 'জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৬' এর বিধি ৫(৯)(গ) তে প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নোক্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি প্রেরণ করা হইল:

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও ঠিকানা | অপরাধের বিবরণ | অপরাধের ধারা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |

তারিখ:.....................................

(স্বাক্ষর)
সিলমোহরসহ নাম, পদবি, দপ্তর

চেয়ারম্যান
দুর্নীতি দমন কমিশন
ঢাকা।

**ফরম-৯**

**[ বিধি ৫(১১) দ্রষ্টব্য ]**

**পুলিশ কর্তৃক উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিতকরণ**

| ক্রমিক নম্বর | অভিযুক্ত ব্যক্তির নাম, পদবি ও ঠিকানা | অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগ প্রাপ্তির তারিখ | অভিযোগ প্রাপ্তির পর গৃহীত ব্যবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | | | | | |
| ২। | | | | | |
| ৩। | | | | | |
| ৪। | | | | | |
| ৫। | | | | | |
| ৬। | | | | | |

তারিখঃ....................................

থানার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার
নাম, স্বাক্ষর
ও
সিলমোহর

...................................কার্যালয়
.................................... ।

**ফরম-১০**
**[বিধি ৫(১১) দ্রষ্টব্য ]**

**দুর্নীতি দমন কমিশন কর্তৃক উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিতকরণ**

| ক্রমিক নম্বর | অভিযুক্ত ব্যক্তির নাম, পদবি ও ঠিকানা | অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগ প্রাপ্তির তারিখ | অভিযোগ প্রাপ্তির পর গৃহীত ব্যবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | | | | | |
| ২। | | | | | |
| ৩। | | | | | |
| ৪। | | | | | |
| ৫। | | | | | |
| ৬। | | | | | |

তারিখঃ.........................

দুর্নীতি দমন কমিশনের
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, স্বাক্ষর
ও
সিলমোহর

.................................কার্যালয়
.................................. ।

**ফরম-১১**

**[বিধি ৫(১১) দ্রষ্টব্য ]**

**তথ্য প্রকাশকারীকে অবহিতকরণ**

| ক্রমিক নম্বর | অভিযুক্ত ব্যক্তির নাম, পদবি ও ঠিকানা | অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগ প্রাপ্তির তারিখ | অভিযোগ প্রাপ্তির পর গৃহীত ব্যবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | | | | | |
| ২। | | | | | |
| ৩। | | | | | |
| ৪। | | | | | |
| ৫। | | | | | |
| ৬। | | | | | |

তারিখঃ............................

কর্মকর্তার নাম, স্বাক্ষর
ও
সিলমোহর

জনাব.............................
.......................................।

**ফরম-১২**
**[বিধি ১৪ দ্রষ্টব্য ]**

**জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশকারীকে পুরস্কার প্রদানের বিবরণ**

| ক্রমিক | তথ্য প্রকাশকারীর নাম ও ঠিকানা | পুরস্কারের বর্ণনা | প্রদানকারী কর্তৃপক্ষ | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | | | | |
| ২। | | | | |
| ৩। | | | | |
| ৪। | | | | |

দপ্তর প্রধান
বা
তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার
নাম, স্বাক্ষর ও সিলমোহর

.............................................

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খন্দকার সাদিয়া আরাফিন**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd